10660 Cal. I 9954 3000Rs.

INDIA NON JUDICIAL

३००० रु. Rs 3000

सत्यमेव जयते

भारत

तीन हज़ार रूपये THREE THOUSAND RUPEES

A 339.50
H 25.00
M(2) 4.00
368.00

Admissible under Regn. Rule as duly stamped under the Indian Stamp Act ... Section 81 Act III ... Improvement of the Calcutta ... Act, 1911 ...
A No ...
Stamp Duty Paid under the Indian Stamp Act, 1899 as Amended in 1974 Rs 2916
Additional duty paid under the Calcutta Improvement Act 1911 [illegible]
700.00 + 4.00
3620.00

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas
19/7/85

মং ৩৫,০০০.০০ পঁয়ত্রিশ হাজার টাকা পণ মূল্যের

সাফ বিক্রয় কোবালা দলিল ।

কোবালা গ্রহিতা ঃ- ১। শ্রীমতী ইন্দিরা মুখোপাধ্যায়, স্বামী মৃত্যুঞ্জয় মুখোপাধ্যায়
২। শ্রী শ্যামল কৃষ্ণ দত্ত, পিতা শ্রী অনন্ত রঞ্জন দত্ত, উভয়ের
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী ও চাকুরী, উভয়ের সাকিন গাজিপুর
পোষ্ট রাজপুর, থানা সোনারপুর, জেলা ২৪ পরগণা ।

ঃ

কোবালা দাত্রী ঃ- শ্রীমতী তৃপ্তি ময়ী রায় চৌধুরী, স্বামী মৃত তারাপদ রায়
চৌধুরী, জাতি হিন্দু, পেশা গৃহস্থালী, সাকিন ৩৮সি, চেতলা
রোড, থানা আলিপুর, কলিকাতা - ৭০০০২৭। হাল সাকিন
সরজিনী দেবী ধর্মশালা, ২ নম্বর শিবাজী মার্গ লাক্ষ্ণৌ ১
উত্তর প্রদেশ ।

ঃ

৬ ডিভিসন, ।প্রি। সাবডিভিসান সাবেক ১৭৪, হাল ৩৪২, কলিকাতা কর্পোরেশনের

5911

Serial No. ......
Sold to ...... Smt Triptimayee Ray Chowdhury
Of ......

Calcutta Collectorate,

Presented for Registration at 1-30 A.M./P.M. on the 19th day of July 1985 at the Sader Registration Office Alipore, 24 Parganas by Tripti mayee Ray Chowdhury Executant / Claimant or one of the Executants / Claimants or Attorney for ...... Executant / Claimant under Power of attorney No ...... of 19... authenticated by ...... Registrar of ......


Rs 3000 Triptimayee Ray Chowdhury
Son / Wife / Daughter of Lt. Tarapada Ray Chowdhury
of 38C Chetla Rd
Thana ...... Alipur
District 24 Parganas
by Caste / Hindu / Muslim
by profession ... H. wife.

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas
19/7/85

শ্রীমতী তৃপ্তিময়ী রায় চৌধুরী

Identified by

A. Biswas
Son / Wife / Daughter of ......
of ...... Advocate
Thana ......
District 24 Parganas
by Caste / Hindu / Muslim
by profession ......



10,036

শ্রীমতী তৃপ্তিময়ী রায় চৌধুরী

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas
19/7/85

A. Biswas advocate
19/7/85

500 Rs.

INDIA NON JUDICIAL

५००रू. Rs500

भारत

पाँच सौ रुपया FIVE HUNDRED RUPEES



কস্য ৪ নম্বর বিধি মতে হাল রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের কমবেশ /২।।৬´ দুই কাঠা আট ছটাক ছয় বর্গ ফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত টালিরছাউনী যুক্ত ঘর মায় যাতায়াতের জন্য সদর কলিকাতা কর্পোরেশনের পণ্ডিতিয়া রোড হইতে জমির উত্তর সীমানা যে লাগোয়া যে ১২´ বার ফুট চওড়া কমন প্যাসেজ বিদ্যমান আছে উক্ত কমন প্যাসেজের উপর দিয়া ইলেকট্রিক লাইট, জলের কলের পাইপ, জল নিকাশী ড্রেন, গ্যাস, টেলিফোন প্রভৃতি লইবার সর্ব্ব প্রকার ক্ষমতা সহ মায় যাবতীয় ইজমেন্ট রাইট সহ দরবস্ত হক হকুক নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা ২৪ পরগণা, থানা সাবেক টালিগঞ্জ, হাল বালিগঞ্জ, সাবরেজিষ্ট্রী অফিস আলিপুর, অত্র জেলা কালেক্টারীর ~~২৮৩৩~~ ১২৯৮ নম্বর তৌজি ভুক্ত ডিহি ৫৫ গ্রাম, ৬ ডিভিসন, ।গ। সাবডিভিসান সাবেক ১৭৪, হাল ৩৪২, কলিকাতা কর্পোরেশনের

Serial No. 594
Sold to Smt [illegible] Mukherjee
of Baruipur
24 Pgs

Collectorate,
Treasury
13/2/58 [illegible]
Treasurer

3000
575
100
20
3620

Registrar U/S 7 (3)
Alipore, 24-Parganas
19/7/85

100 Rs.

INDIA NON JUDICIAL

१०० रु. Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES



কর্পোরেশনের সাবেক ২, হাল ২১৩এ নম্বর গড়িয়া রোড প্রেমিসেস ভুক্ত নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহা বিগত ইংরাজী ১ ৯ ৩ ৬ সালে ১২ ই আগষ্ট তারিখে আলিপুর ডিষ্ট্রিক্টসাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নম্বর বহির, ৬৪ নম্বর ভল্যুমে ২ ৮ ৭ নম্বর পাতায় লিখিত সন ১ ৯ ৩ ৬ সালে ৩ ৮ ৭ ২ নম্বর সাফ কোবালা বলে তদানিন্তন মালিক ২১৩এ নম্বর গড়িয়া রোড নিবাসী মৃত কেশব চন্দ্র বসু মহাশয়ের পুত্র অমিয় নিহার বসু রায় সাহেব মহাশয়ের নিকট হইতে অত্র কোবালা দাত্রী নিজ অলঙ্কারাদি বিক্রয়ের দ্বারা বিক্রয় লব্ধ অর্থে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি খরিদ করিয়া হাল মালিক কলিকাতা কর্পোরেশনে নিজ নাম খারিজ পূর্ব্বক ট্যাক্সাদি আদায় দিয়া অন্যের নিরাংশে একক ভাবে ভোগদখল করিতেছি।

কিন্তু বর্ত্তমানে আমার চিকিৎসাদির জন্য নগদ অর্থের প্রয়োজন হওয়ায়

Serial no. 5911
Sold to Smt Indira Mukherjee
Of Rajpur.
24 Pa.

Rs. 3000/-
500/-
100/-
20/-
3620/-

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas
19/7/85

20 Rs.






হওয়ায় এবং ব্যয় সঙ্গত কারণে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি বিক্রয় করিবার ঘোষণা করিলে গ্রাহক গণ মধ্যে আপনি তাহা অবগত হইয়া বর্তমান বাজার দরাদর বেলমোক্তা মবলগে ৩৫,০০০.০০ পঁয়ত্রিশ হাজার টাকা পণ মূল্যে অত্র দলিলের গ্রহিতাদ্বয় খরিদ করিতে রাজি থাকিয়া আমার নিকট প্রকাশ ও প্রস্তাব করায় এবং আমিও আপনাদের প্রস্তাবে রাজি হইয়া উক্ত মূল্যে বিক্রয় করিতে সম্মত থাকিয়া অদ্যকার তারিখে আপনাদের নিকট হইতে পণের সমুদয় মং ৩৫,০০০.০০ পঁয়ত্রিশ হাজার টাকা নগদ এক কালীন গ্রহণ করিয়া আপনাদের নাম বরাবর অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল লিখিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

অত্র বিক্রিত সম্পত্তিতে বা নিম্ন তপশীল কৃত যাহা অত্র সহ নকসায় লাল রংয়ে রঞ্জিত বর্ডার দ্বারা চিহ্নিত প্লট । বি । রূপে সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, লভ্য, হক, হকিয়ৎ এবং দখলাদি ছিল বা আছে , তৎ সমুদয় চিরকালের জন্য ধ্বংস ও বিলুপ্ত হইয়া নির্ব্যূঢ় স্বত্বে আপনাদের উপর বর্তাইল এবং

Serial No. 5911
No. Smt Indira Mukherji & ors
Rajpur
Rs. 24/-
Calcutta Collectorate,
Treasury.
13/7/88

3000—
500—
100—
20—
3620—

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas
19/7/88

এবং অর্পিল। আপনারা অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে মালিক দখলিকার থাকিয়া কলিকাতা কর্পোরেশনে আপনাদের নিজ নিজ নাম পত্তন পূর্ব্বক ট্যাক্সাদি আদায় দিয়া দান, বিক্রয়, বন্ধক, হস্তান্তর, অবস্থান্তর ও রূপান্তরাদির অধিকারী হইয়া যায় পাকা ইমারতাদি প্রস্তুতে এবং উক্ত পুরাতন গৃহাদি ভাঙ্গিয়া যায় উক্ত কমন প্যাসেজের উপর দিয়া ইলেকট্রিক লাইট, জলের কলের পাইপ, জল নিকাশী ড্রেন গ্যাস টেলিফোন প্রভৃতি লইয়া যায় উক্ত কমন প্যাসেজের উত্তরে যে কাঁচা ড্রেন বিদ্যমান আছে। উক্ত ড্রেনের সর্ব্বপ্রকার ব্যবহারিক স্বত্বে আপনারা যায় আপনাদের ওয়ারিশান গণেরা পরম সুখে নিয়ত মালিক থাকিয়া সর্ব্ব রকমের ক্ষমতায় মালিক হইয়া ভোগদখল করিতে থাকুন। তাহাতে কস্মিন কালেও আমি কিংবা আমার অপর কোন ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণেরা কোনরূপ ওজর আপত্তি কিংবা দাবী দাওয়া করিব না, বা করিবেক না, করিলেও তাহা অত্র দলিল বলে সর্ব্ব স্থানে এবং সর্ব্বাদালতে বাতিল নামঞ্জুর বলিয়া গণ্য হইবে।

অত্র বিক্রিত সম্পত্তি আমি ইতি পূর্ব্বে কোন প্রকার দান, বিক্রয়, বন্ধক, হস্তান্তর, বা হস্তান্তরের নিমিত্ত কোন প্রকার বায়না পত্র অপর কাহাকেও করিয়া রাখি নাই, বা কোন দেব সেবায় অর্পন করি নাই, বা কোন প্রকার দেবোত্তর বা পীরোত্তর সম্পত্তি নহে, বা কোন বাকি খাজনার দায়ে আদালতে নালিশ দায়ের হয় নাই, বা কাহারও খোর পোষের দায়ে বা জামিনের দায়ে আবদ্ধ রাখি নাই, বা কোন সরকারী কিংবা কোন বেসরকারী প্রতিষ্ঠান কর্ত্তৃক নিলাম বিক্রয় ক্রোকাবদ্ধ হয় নাই, বা সি,এম,ডি,এ, বা সি,আই,টি ডিপার্টমেন্ট কর্ত্তৃক বা এ্যাকুইজিশান ডিপার্টমেন্ট কর্ত্তৃক

কর্তৃক এ্যাকুইজিশান কিংবা রিকুইজিশান কোন কিছু হয় নাই, বা ল্যাণ্ড সিলিং পার্টিশান কর্তৃক ভেষ্টেড সম্পত্তি নহে, বা অপর কাহারও নামে বেনাম করিয়া রাখি নাই, বা কাহারও বেনামী সম্পত্তি নহে, বা কোন জনহিতকর কার্য্যে নিয়োগ করি নাই, বা কোন বালক বালিকাদের খেলার মাঠে পরিণত করি নাই, সম্পূর্ণ নির্দায়, নির্দোষ এবং আমার খাস দখলে থাকাবস্থায় আমার বিক্রয় করিবার সর্ব্বপ্রকার স্বত্ব থাকাবস্থায় বা আমি ভিন্ন অপর কাহারও কোন প্রকার বিক্রয় করিবার অধিকার না থাকাবস্থায় আপনাদের নিকট বিক্রয় করিয়া খোলসা মনে খাস দখল প্রদান করিলাম। এবং আপনারাও দখল প্রদান করিলেন।

তবে যদি ভবিষ্যতে আমার উপরোক্ত বা নিম্নোক্ত কোন একটি উক্তি মিথ্যা বা তঞ্চকি থাকা প্রমানিত হয় বা তজ্জন্য যদি আপনাদের কোনরূপ ক্ষয় ক্ষতি হয় তাহা হইলে চাহিবা মাত্র আপনার দেওয়া পণের সমুদয় টাকা নগদ এক কালীন ফেরত দিতে আমি মায় আমার ওয়ারিশান গণেরা বাধ্য থাকিলাম ও থাকিলেক। যদি সহজে আদায় না দেই বা দেয় তাহা হইলে মাফিক আইন আমলে আসিব ও আসিবেক।

অত্র সহ দাখিলী প্ল্যান অত্র দলিলের একাংশ বলিয়া পরিগণিত হইবে।

অত্র দলিল লিখিতে যদি কোন প্রকার ভুল চুক থাকা প্রকাশ পায় তজ্জন্য যদি আপনাদের কোন রূপ সংশোধন দলিল করিবার আবশ্যক হয় তাহাও বিনা পণে আপনাদের তলব মত রেজিষ্ট্রী করিয়া দিতে আমি মায় ওয়ারিশানগণ বাধ্য থাকিলাম ও থাকিলেক।

Registrar U/S 7 (3)
Alipore, 24-Parganas
19/7/85

এতদর্থে স্বেচ্ছায় সজ্ঞানে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র কোবালা দলিলের সার মর্ম্ম ও ফলাফল সম্যক অবগত হইয়া এবং পণের সমুদয় মং ৩৫,০০০'০০ পঁয়ত্রিশ হাজার টাকা নিম্ন জায়মত এক কালীন নগদ বুঝিয়া পাইয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে অত্র কোবালা আপনাদের বরাবরে যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি সন ১৩৯২ সালের ৪ঠা শ্রাবন, ইংরাজী সন ১৯৮৫ সালের ১৭শে জুলাই।

তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় ঃ-

ও তাহার চৌহদ্দি ঃ-

জেলা ২৪ পরগণা, থানা সাবেক টালিগঞ্জ, হাল বালিগঞ্জ, সাবরেজিষ্ট্রী অফিস আলিপুর, অত্র জেলা কালেক্টারীর $\frac{১২৯৮}{২৮৩৩}$ নম্বর তৌজি ভুক্ত ডিভি ৫৫ গ্রাম, "৬" ডিভিসন, ।পি। সাবডিভিসান, সাবেক ১৭৪ হাল ৩৪২, কলিকাতা কর্পোরেশনের সাবেক ২, হাল ২।৩এ নম্বর পণ্ডিতিয়া রোড প্রেমিসেস ভুক্ত জমি জমা যাহা উপরোক্ত মতে আমার খরিদা স্বত্ব দখলিয় যাহা অত্র সাথ গ্রথিত নকসায় লাল রংয়ের রেখার দ্বারা সুচিহ্নিত ও সীমাঙ্কিত রূপে মাপ সুরত কমবেশ /২।।৬' দুই কাঠা আট ছটাক ছয় বর্গ ফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত টালির ছাউনী যুক্ত ঘর মায় যাতায়াতের জন্য সদর কলিকাতা কর্পোরেশনের পণ্ডিতিয়া রোড হইতে জমির উত্তর সীমানা যে লাগোয়া ১২' বার ফুট চওড়া কমন প্যাসেজ বিদ্যমান আছে, উক্ত কমন প্যাসেজের উপর দিয়া ইলেকট্রিক লাইট, জলের কলের পাইপ, জল নিকাশী ড্রেন, গ্যাস টেলিফোন প্রভৃতি লইবার সর্ব্বপ্রকার ক্ষমতা সহ মায় তৎ সংক্রান্ত ও তৎ সংশ্লিষ্ট সর্ব্ব

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas
19/7/85

শ্রীমতী ইন্দিরা চৌধুরী

সর্ব্ব প্রকার ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সমেত অত্র কোবালা মূলে বিক্রিত সম্পত্তি হইতেছে। বিক্রিত সম্পত্তির মৌজা বেলতলা ডাক গরচা বলিয়া পরিচিত। উক্ত নক্সায় প্লট।বি। চিহ্নিত হইতেছে, তাহাই বিক্রিত সম্পত্তি হইতেছে।

উহার চৌহদ্দি ঃ-

| | | |
|---|---|---|
| উত্তরে | ঃ- | ১২´ বার ফুট চওড়া কমন প্যাসেজ, তদুত্তরে কাঁচা ড্রেন। |
| দক্ষিণে | ঃ- | অমিয় বোসের খালি জমি। |
| পূর্ব্বে | ঃ- | প্লট।সি। যাহা গৌর হরি চন্দ্র। |
| পশ্চিমে | ঃ- | প্লট।এ। যাহা সতীশ চন্দ্র বোস। |

তপশীল টাকার জায় ঃ-

পঞ্জাব ন্যাশানাল ব্যাঙ্ক গড়িয়া শাখা হইতে
১৬।৭।১৯৮৫ তারিখে ড্রাপ নম্বর পি,আর,ডব্লু
৫৯৪৫ বলে - - - - - - - - - - - - - - - ২০,০০০.০০ টাকা,
ঐ ব্যাঙ্কের ঐ শাখা হইতে
পি,আর,ডব্লু ৫৯৪৫৭২ নম্বর বলে - - - - - - ১৫,০০০.০০ টাকা,
মোট -- ৩৫,০০০.০০ টাকা মাত্র,

মবলগে পঁয়ত্রিশ হাজার টাকা বুঝিয়া পাইলাম।

মুসাবিদাকারক ঃ-
[signature]
এ্যাডভোকেট,
হাই কোর্ট, কলিকাতা ৭০০০০১।

শ্রীমতী ইন্দিরা সতীন্দ্র চৌধুরী

ইসাদী:-

১। শ্রী অমল পূর্ণ প্রাপ্ত চৌধুরী
২০ ডি চক্রবেড়িয়া লেন
কলিকাতা - ২০

২। শ্রী অনুপ কুমার বিশ্বাস
৪৭ বি এস. রায় রোড।
কলিকাতা - ৫

টাইপকারক ঃ-
[signature]
আলিপুর পুলিশ কোর্ট,
কলিকাতা - ৭০০০২৭।

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas
19/7/85

Book I
Volume No 168
Pages 457 to 466
Being No 9954
for the Year 19 85

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas
6.10.86.